# জনগণনা ২০২৭ এর স্ব-গণনা



## প্রথম ধাপ: পোর্টালে প্রবেশ এবং প্রাথমিক রেজিস্ট্রেশন

### ১ পোর্টালে প্রবেশ এবং লগইন

পোর্টালে যান https://se.census.gov.in, রাজ্য/UT নির্বাচন করুন, ক্যাপচা লিখুন।

### ২ পরিবারের রেজিস্ট্রেশন

পরিবার পিছু একজন ব্যক্তি-ই স্ব-গননা করবেন। পরিবারের প্রধানের নাম, ১০-সংখ্যার মোবাইল নম্বর, ইমেল আইডি (ঐচ্ছিক) লিখুন।

⚠ পরিবারের প্রধানের নাম পরবর্তীকালে পরিবর্তন করা যাবে না।

⚠ প্রতিটি পরিবারের জন্য শুধুমাত্র একটি মোবাইল নম্বর ব্যবহার করা যাবে, একবার রেজিস্টার করা হয়ে গেলে, একই নম্বর অন্য কোনও পরিবারের জন্য ব্যবহার করা যাবে না।

## দ্বিতীয় ধাপ: ওটিপি যাচাইকরণ এবং অবস্থান শনাক্তকরণ

### ৩ ভাষা নির্বাচন এবং ওটিপি যাচাইকরণ

পছন্দের ভাষা নির্বাচন করুন এবং রেজিস্টার্ড মোবাইল নম্বরে পাঠানো ওটিপি লিখুন।

⚠ নির্বাচিত ভাষা পরবর্তীকালে পরিবর্তন করা যাবে না

### ৪ অবস্থানের বিবরণ দিন

জেলা নির্বাচন করুন, পিন কোড লিখুন এবং এলাকা/ অঞ্চলের নাম লিখুন।



### ৫ মানচিত্রে আপনার বাসস্থান নির্দিষ্ট করুন

মানচিত্রে লাল মার্কারটি ড্র্যাগ করে/টেনে এনে আপনার বাড়িটির উপর স্থাপন করে/ক্লিক করে চিহ্নিত করুন এবং অবস্থান নিশ্চিত করুন।

## তৃতীয় ধাপ: তথ্য প্রদান এবং ফাইনাল সাবমিট

### ৬ প্রশ্নাবলী পূরণ করুন

টুলটিপ, FAQ প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী এবং "প্রয়োজনীয় নির্দেশাবলী" ব্যবহার করে গৃহতালিকা প্রস্তুতিকরণ এবং গৃহগণনা প্রশ্নাবলী পূরণ করুন।

### ৭ প্রিভিউ এবং রিভিউ

প্রিভিউ স্ক্রিনে আপনার দেওয়া সমস্ত তথ্য যাচাই করুন। প্রয়োজনে তথ্য পরিবর্তন করতে পূর্ববর্তী স্ক্রিনে ফিরে যেতে পারেন, পরে জমা দেওয়ার জন্য ড্রাফট হিসেবে সংরক্ষণ করতে পারেন,অথবা তথ্য নিশ্চিত করে চূড়ান্তভাবে জমা দিতে পারেন।

### ৮ ফাইনাল সাবমিট

চূড়ান্ত পর্যায়ে "নিশ্চিত করুন এবং সাবমিট করুন" বোতামে ক্লিক করলে আপনার দেওয়া তথ্য চূড়ান্তভাবে জমা হয়ে যাবে। এরপর কোনো তথ্য আর পরিবর্তন বা সংশোধন করা যাবে না।

### SE ID - তৈরি করা

জমা দেওয়ার পরে, একটি অনন্য ১১-সংখ্যার SE ID (যার শুরুতে "H" থাকবে) তৈরি হয় এবং এসএমএস এবং ইমেলের (যদি দেওয়া হয়) মাধ্যমে পাঠানো হয়।

## চতুর্থ ধাপ: ফিল্ড পর্যায়ে যাচাইকরণ



### ৯ গণনাকারীর পরিদর্শন

আপনার বাড়িতে গণনাকারী যখন পরিদর্শনের জন্য আসবেন তার সাথে SE ID টি শেয়ার করুন।

### ID মেলানোর ফলাফল

আপনার দেওয়া SE ID টি যদি বিদ্যমান রেকর্ডের সাথে মেলে, তবে গণনাকারী প্রদত্ত তথ্যাবলী নিশ্চিত করে গ্রহণ করবে। যদি না মেলে, তবে গণনাকারী নতুনভাবে তথ্য সংগ্রহ করবেন।